353

দৈনিক ইত্তেফাক

তারিখ MAY ৩ 1999

পৃষ্ঠা ৪ কলাম ৪

## কুদরত-ই-খুদার জন্মশতবর্ষ প্রসঙ্গে

পত্রিকান্তরে প্রকাশ, বাংলা ভাষায় বিজ্ঞান চর্চা প্রসারে অন্যতম পথিকৃৎ ডঃ কুদরত-ই-খুদার জন্মশতবর্ষ যথাযোগ্য মর্যাদার সহিত পালন করা হইতেছে পশ্চিমবঙ্গে। বর্তমান বছরকে সেখানে প্রশাসনিকভাবে ঘোষণা করা হইয়াছে ডঃ কুদরত-ই-খুদা বর্ষ হিসাবে। গ্রামীণ উন্নয়নে তৃণমূল স্তরে পরিকল্পনা রূপায়ণের কাজকে ত্বরান্বিত করার মাধ্যমে এই বর্ষটিকে উদযাপন করা হইবে সেখানে। এ বিষয়ে বিশেষজ্ঞ ও গ্রামীণ মানুষকে নিয়া একটি মডেল-কর্মশালা হইতেছে বলিয়া জানা গিয়াছে। আগামী ১০ই মে এই বিশিষ্ট বিজ্ঞানীর জন্মশতবর্ষের সূচনা হইবে। পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ ও বিজ্ঞানীর পৈতৃক গ্রাম তথা জন্মভূমি বীরভূম জেলার রামপুরহাট মহকুমার মাড়গ্রামে ডঃ কুদরত-ই-খুদা গ্রামীণ বিজ্ঞান ও প্রযুক্তি বিকাশ কেন্দ্রের উদ্যোগেও এই দিনটি পালিত হইবে। আশা করি বাংলাদেশের এই প্রথিতযশা বিজ্ঞানী ও শিক্ষাবিদের জন্মশতবর্ষ আমাদের দেশেও যথাযোগ্য মর্যাদা ও গুরুত্বের সহিত বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে রাষ্ট্রীয় পর্যায়ে পালন করা হইবে। এ ব্যাপারে সংশ্লিষ্ট মহলের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

আবদুল মতিন,
বাসা ১২, রোড ৪, ব্লক এ, সেকশন ১০,
মিরপুর, ঢাকা।